


🔳 আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّبِّر

আয়াতঃ ৭৪: ২৮

💵 আরবি মূল আয়াত:



এটা অবশিষ্টও রাখবে না এবং ছেড়েও দেবে না। — আল-বায়ান

তা কাউকে জীবিতও রাখবে না, আর মৃত অবস্থায়ও ছেড়ে দেবে না। — তাইসিরুল

উহা তাদের জীবিতাবস্থায় রাখবেনা এবং মৃত অবস্থায়ও ছেড়ে দিবেনা। — মুজিবুর রহমান

It lets nothing remain and leaves nothing [unburned], — Sahih International

২৮. এটা অবশিষ্ট রাখবে না এবং ছেড়েও দেবে না।(১)

(১) এর দু'টি অর্থ হতে পারে। একটি অর্থ হলো, যাকেই এর মধ্যে নিক্ষেপ করা হবে তাকেই সে জ্বলিয়ে ছাই করে দেবে। কিন্তু জ্বলে পুড়ে ছারখার হয়েও সে রক্ষা পাবে না বরং আবার তাকে জীবিত করা হবে এবং আবার জ্বালানো হবে। [ইবন কাসীর] আরেক জায়গায় বলা হয়েছেঃ "সেখানে সে মরে নিঃশেষ হয়েও যাবে না আবার বেঁচেও থাকবে না'। [সূরা আল-আ'লা: ১৩]

তাফসীরে জাকারিয়া

- (২৮) ওটা তাদেরকে (জীবিত অবস্থায়) রাখবে না, আর (মৃত অবস্থায়ও) ছেড়ে দেবে না। [1]
 - [1] তাদের শরীরে না গোশত বাকী রাখবে, আর না হাড়। অথবা এর অর্থ হল, জাহান্নামীদেরকে না জীবন্ত ছাড়বে, আর না মৃত ثَمُوْتُ فَيْهَا وَلاَ يَحْيَ

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5523

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন